

আমার ব্যক্তিগত তথ্য কেন ইউরোড্যাকে পাঠানো হয়?

টাইপ জি

অস্থায়ী সুরক্ষার সুবিধা প্রাপ্ত



▶ আমাকে এই পুস্তিকাটি দেওয়া হচ্ছে কেন?

তুমি ইউরোপীয় ইউনিয়নের (EU) সদস্য রাষ্ট্রের দ্বারা অস্থায়ী সুরক্ষার সুবিধাপ্রাপ্ত হিসাবে নিবন্ধিত হয়েছ।

এই পুস্তিকাটি কর্তৃপক্ষের দ্বারা তোমার তথ্য এবং তা কতদিনের জন্য সংরক্ষণ করা হবে সে সম্পর্কে আরও তথ্য প্রদান করে।

▶ কেন আমাকে নিজের আঙুলের ছাপ এবং ছবি তুলতে দিতে হবে?

তুমি তোমার দেশ ছেড়েছ এবং এখন এই দেশে অস্থায়ী সুরক্ষার সুবিধাপ্রাপ্ত।

এই ধরনের সুরক্ষা অস্থায়ী। EU সদস্য দেশগুলি পর্যায়ক্রমে সিদ্ধান্ত নেবে যে এই সুরক্ষা অব্যাহত রাখা ঠিক হবে কিনা।

এই দেশের কর্তৃপক্ষ তোমার আঙুলের ছাপ এবং ছবি নেবে। এই তথ্য, তোমার পরিচয় এবং অন্যান্য প্রাসঙ্গিক তথ্য সহ, ইউরোড্যাক ডাটাবেসে প্রেরণ করা হবে।

ইউরোড্যাক নির্দিষ্ট কিছু শ্রেণীর ব্যক্তিদের সংযুক্ত করে যারা EU+ দেশের নাগরিক নন, তাদের নিজস্ব অনন্য আঙুলের ছাপ এবং ছবির সাথে।

এই ডাটাবেসটি 31টি EU+ দেশ ব্যবহার করে যারা তোমার তথ্য প্রক্রিয়াকরণ করার জন্য পুনরুদ্ধার করতে পারে। EU+ দেশগুলি এই পুস্তিকার শেষে তালিকাভুক্ত করা হয়েছে।

আপনি এখন লাভভি়াতে আছেন যেটি একটি EU+ দেশ।

EU+ দেশগুলি হল:



ইউরোপীয় ইউনিয়ন (EU) এর 27 সদস্য রাষ্ট্র: অস্ট্রিয়া, আয়ারল্যান্ড, ইতালি, এস্তোনিয়া, ফ্রান্স, গ্রিস, চেকিয়া, জার্মানি, ডেনমার্ক, নেদারল্যান্ডস, পর্তুগাল, পোল্যান্ড, ফিনল্যান্ড, ফ্রান্স, বেলজিয়াম, বুলগেরিয়া, মাল্টা, রোমানিয়া, লাভভি়া, লিথুয়ানিয়া, লুক্সেমবার্গ, সাইপ্রাস, সুইডেন, স্পেন, স্লোভাকিয়া, স্লোভেনিয়া, হাঙ্গেরি এবং



অন্য 4টি দেশ: আইসল্যান্ড, নরওয়ে, লিশটেনস্টাইন এবং সুইজারল্যান্ড।

➤ ইউরোড্যাকে কী ধরনের তথ্য সংরক্ষণ করা হয়?



নিম্নলিখিত তথ্য সবসময় সংরক্ষণ করা হয়:

- তোমার আঙ্গুলের ছাপ
- তোমার মুখের একটি ছবি
- তুমি এখন ব্যবহার করছ বা অতীতে ব্যবহার করেছ এমন সমস্ত নাম
- জন্ম তারিখ
- তোমার জাতীয়তা বা জাতীয়তা সমূহ
- তোমার লিঙ্গ
- তোমার ব্যবহৃত যাবতীয় পরিচয়পত্র বা ভ্রমণ সংক্রান্ত নথির প্রতিলিপি, যেখানে পাওয়া যাবে, যার মধ্যে সেগুলির বিশ্বাসযোগ্যতা সম্পর্কে তথ্য অন্তর্ভুক্ত থাকবে।
- যে অফিসার তোমার আঙ্গুলের ছাপ এবং ছবি তুলেছেন তার ইউজার ID এবং তোমার তথ্য গ্রহণ এবং প্রেরণের তারিখ
- ইউরোপীয় ইউনিয়নের সদস্য রাষ্ট্র, স্থান এবং তারিখ—যেখানে তোমাকে সাময়িক সুরক্ষার সুবিধাভোগী হিসেবে নিবন্ধিত করা হয়েছিল।

তোমার কাছে ইউরোড্যাকে সংরক্ষিত ভুল তথ্য দেখার এবং সংশোধন করার অধিকার রয়েছে এবং তোমার তথ্য যদি বেআইনিভাবে ব্যবহার করা হয় তবে তা মুছে ফেলার জন্য অনুরোধ করো। তুমি এটি করতে ডেটা কন্ট্রোলারের সাথে যোগাযোগ করতে পারো। ডেটা কন্ট্রোলারের সাথে যোগাযোগের বিশদ বিবরণ **‘ইউরোড্যাক সম্পর্কে তোমার যা জানা দরকার’** শিরোনামের পুস্তিকায় পাওয়া যাবে।

▶ ইউরোড্যাকে কি অন্য কোনো ধরনের তথ্য সংরক্ষণ করা হয়?

যদি কোনো EU সদস্য রাষ্ট্রকে তোমার আঙুলের ছাপ নিতে হয় বা তারা মনে করে যে তোমার আচরণ সাময়িক সুরক্ষার জন্য উপযুক্ত নয়, তাহলে তাদের এই তথ্য ইউরোড্যাকে রেকর্ড করতে হবে।

যদি তথ্য পাওয়া যায় যে তোমার নিম্নলিখিত বিষয়ের সাথে সম্পর্ক আছে তবে এটি হতে পারে:

- যুদ্ধাপরাধ বা মানবতার বিরুদ্ধে অপরাধের মতো খুব গুরুতর অপরাধ করেছো
- ইউরোপে আসার আগে অন্য দেশে গুরুতর অপরাধ করেছিলে
- জাতিসংঘের নীতির পরিপন্থী কোনো কাজ করেছো।

▶ আমার ব্যক্তিগত তথ্য ইউরোড্যাকে কত দিন সংরক্ষণ করা হবে?



তোমার অস্থায়ী সুরক্ষা স্থিতি যতক্ষণ বৈধ থাকবে ততক্ষণ তোমার তথ্য সংরক্ষণ করা হবে। তোমার সুরক্ষা স্থিতির মেয়াদ শেষ হলে, তোমার তথ্য মুছে ফেলা হবে

এই পুস্তিকাটি শুধুমাত্র তথ্য প্রদানের উদ্দেশ্যে প্রকাশিত হয়েছে। এটি কোনো অধিকার বা বাধ্যবাধকতা প্রদান করে না। EUAA বা EUAA এর পক্ষে কাজ করা কোনো ব্যক্তিই এই পুস্তিকায় উল্লেখিত তথ্যের ব্যবহারের জন্য দায়বদ্ধ নয়।

© ইউরোপীয় ইউনিয়ন এজেন্সি ফর অ্যাসাইলাম, 2025